# 117711 - জমি দিয়ে ব্যবসা করার নিয়তে দ্বিধাদ্বন্দ্ব থাকলে তাতে যাকাত নেই

প্রশ্ন

আমার এক খণ্ড জমি আছে। কেনার সময় আমার ৭০% নিয়ত ছিল ব্যবসা করার। আমার ৩০% নিয়ত যদি হয় বাড়ী বানানোর ও বিক্রি না করার এমতাবস্থায় কি যাকাত ফরয হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এই জমিটি দিয়ে আপনি যেহেতু ব্যবসা করার দৃঢ় সংকল্প করেননি সুতরাং এতে যাকাত নেই। কেননা মূল অবস্থা হলো এটি আপনি নিজের ব্যবহারের জন্য খরিদ করেছেন। সুতরাং আপনার দৃঢ় সংকল্প ছাড়া এটি ব্যবসার জন্য গণ্য হবে না। তাই দ্বিধাদ্বন্দ্ব থাকলে এতে যাকাত ওয়াজিব হবে না।

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল: এক লোকের কাছে একটি জমি আছে। এ জমির ব্যাপারে তার নিয়ত দ্বিবিধ। তিনি জানেন না যে, জমিটি কি বিক্রি করে দিবেন; নাকি আবাদ করবেন; নাকি ভাড়া দিবেন; নাকি এতে নিজে বসবাস করবেন। বর্ষ পূর্ণ হলে তিনি কি এই জমির যাকাত দিবেন?

তিনি জবাব দেন: "মূলতঃ এই জমির যাকাত নেই। যেহেতু এটি দিয়ে ব্যবসা করার তার সুদৃঢ় সংকল্প নেই। এতে যাকাত নেই; কারণ তিনি দ্বিধাদ্বন্দ্বে আছেন। যদি একশ ভাগের একভাগও দ্বিধা থাকে সেটাতে যাকাত নেই।"[মাজমুউ ফাতাওয়া ইবনে উছাইমীন (১৮/২৩২)]

তিনি আরও বলেন: "যদি কোন মানুষ দ্বিধাগ্রস্ত হয়ে বলেন যে: আল্লাহ্‌র শপথ; আমি জানি না যে, আমি এটা দিয়ে ব্যবসা করব; নাকি রেখে দিব। উদাহরণতঃ তার একখণ্ড জমি আছে। সে বলে যে, আমি জানি না যে, এটা দিয়ে ব্যবসা করব; নাকি রেখে দিব; নাকি আবাদ করব— এই জমির উপর কি যাকাত আছে; নাকি নাই?

জবাব: এতে যাকাত নাই। কেননা মূল অবস্থা হলো যাকাত ওয়াজিব না হওয়া; যতক্ষণ পর্যন্ত না ব্যবসার নিয়ত পাকাপোক্ত হয়।[আল-লিক্বা আশ-শাহরি (৩/৫)]

আল্লাহই সর্বজ্ঞ।